# SATISH CHANDRA MEMORIAL SCHOOL

# CLASS TEST 2025 - 26

# CLASS – X

# BENGALI

**Maximum Marks: 15** **Time Allowed: 30 min.**

1. **আলোবাবু সম্পর্কে নিম্নোক্ত কোন মন্তব্যটি ঠিক নয়?**
   **A.** আলোবাবুর নামের সাথে চেহারার কোনো মিল নেই।
   **B.** আলোবাবু কখনো জুতো ব্যবহার করতেন না।
   **C.** আলোবাবুর পরিধানের বস্ত্রটি মলিন থাকতো।
   **D.** অপরিপাটি জামা পরতেন না।

2. **আলোবাবুর সাথে গল্পকথকের প্রথম সাক্ষাৎ হয় কোথায়?**
   **A.** কথকের বৈঠকখানায়।
   **B.** অবিনাশ বাবুর বাড়িতে।
   **C.** কথকের বাড়ির পেছনের রাস্তায় যেখানে ছেলের দল পাখি নিয়ে খেলা করছিল।
   **D.** রামবাবুর বাড়িতে।

3. **মন্তব্য: আলোবাবু পাখির ছানাটিকে সুস্থ হয়ে গেলে ছেড়ে দিতে চেয়েছেন।**
   **কারণ (ক):** তিনি কোনো পোষ্য রাখা পছন্দ করেন না।
   **কারণ (খ):** কোনো পোষ্য রাখার সামর্থ্যও তার নেই।
   মন্তব্যের প্রেক্ষিতে কারণ দু'টি ঠিক না ভুল তা লেখো।
   **A.** কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।
   **B.** কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল।
   **C.** কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক।
   **D.** কারণ (ক) ও (খ) উভয়ই ভুল।

4. **গল্পকথকের সাথে প্রথম সাক্ষাতে আলোবাবু কতদিন হয়েছে অবিনাশবাবুর বাড়িতে এসেছেন বলে জানিয়েছেন?**
   **A.** মাস খানেক হয়েছে।
   **B.** দিন দশেক হয়েছে।
   **C.** দিন তিনেক হয়েছে।
   **D.** দিন সাতেক হয়েছে।

5. **অবিনাশবাবু সম্পর্কে আলোবাবুর কে হন?**
   **A.** আলোবাবুর দূরসম্পর্কের বন্ধুর শ্বশুর।
   **B.** আলোবাবুর নিজের ভাগনির বন্ধুর শ্বশুর।
   **C.** আলোবাবুর ভাইঝির বন্ধুর শ্বশুর।
   **D.** আলোবাবুর দূরসম্পর্কের ভাগনির বন্ধুর শ্বশুর।

6. **"দিন কয়েক পরে অবিনাশবাবুর বাড়ি যেতে হয়েছিল।'' – গল্পকথক আলোবাবুকে সেখানে কী করতে দেখেছিলেন?**
   **A.** একটি দিশি কুকুরের সাথে খেলা করতে দেখেছিলেন।
   **B.** একটি দিশি কুকুরের বাচ্চার পরিচর্যা করতে দেখেছিলেন।
   **C.** একটি বিলাতি কুকুরের চোখ তুলো দিয়ে পরিষ্কার করে দিতে দেখেছিলেন।
   **D.** অবিনাশবাবুর শিশুপুত্রকে ও একটি কুকুরকে একই সাথে আলোবাবুকে চুমু খেতে দেখেছিলেন।

7. **মন্তব্য: আলোবাবু বিশেষ করে অসহায় মানুষদের সেবা করতে বেশি ভালোবাসতেন।**
   **কারণ (ক):** আলোবাবু নিজে যেহেতু অসহায় ছিলেন তাই অসহায়ত্বের যন্ত্রণা তিনি বুঝতেন।
   **কারণ (খ):** অসহায় মানুষদের সেবা করার মধ্যে দিয়ে তিনি নিজে খ্যাতি অর্জন করতে চেয়েছেন, যশস্বী হতে চেয়েছেন।
   মন্তব্যের প্রেক্ষিতে কারণ দু'টি ঠিক না ভুল তা লেখো।
   **A.** কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।
   **B.** কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল।
   **C.** কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক।
   **D.** কারণ (ক) ও (খ) উভয়ই ভুল।

8. **তিনু কে?**
   **A.** অবিনাশবাবুর শিশুপুত্র।
   **B.** অবিনাশবাবুর দশ বছর বয়সী পুত্র।
   **C.** গল্পকথকের ডাকনাম।
   **D.** লেখকের ছদ্মনাম।

9. **গল্পকথকের সাথে হাসপাতালের সিভিল সার্জেন কীভাবে পরিচিত?**
   **A.** তারা দু'জনেই বাল্যবন্ধু ছিল।
   **B.** তারা দু'জনেই একই সাথে একই স্কুলে পড়াশোনা করেছেন।
   **C.** তারা দু'জনেই লেখকের নিকট আত্মীয়।
   **D.** তারা দু'জনেই একসাথে কলেজে পড়াশোনা করেছেন।

10. **"অবশেষে আমিই আশ্রয় দিলাম আলোবাবুকে।" – বক্তা আলোবাবুকে আশ্রয় দিয়েছিলেন। কারণ –**
   **A.** আলোবাবু হাসপাতাল থেকে বিতাড়িত হয়ে কর্মহীন হয়ে পড়েছিলেন।
   **B.** আলোবাবু অবিনাশবাবুর বাড়ি থেকে বিতাড়িত হয়ে আশ্রয়হীন হয়ে পড়েছিলেন।
   **C.** প্রথম দু'টি বিকল্পই গ্রহণযোগ্য।

**D.** প্রথম বিকল্পটি গ্রহণযোগ্য হলেও দ্বিতীয়টি নয়।

**11. "একদিন সন্ধের পর এসে দেখলাম..." – সন্ধ্যার পর এসে বক্তা কী দেখেছিলেন?**

**A.** আলোবাবু তারস্বরে গান গাইছেন।

**B.** আলোবাবু গুন গুন করে গান গাইছেন।

**C.** আলোবাবু ডুগি তবলা বাজিয়ে গান গাইছেন।

**D.** আলোবাবু চাপটালি খেয়ে বসে চোখ বুজে ঘড়িতে দম দিচ্ছেন।

**12. আলোবাবু তার ঘড়িতে দম দেন কখন?**

**A.** ঠিক দশটার সময়।

**B.** দশটার কিছু আগে পরে।

**C.** ঠিক ছ'টার সময়।

**D.** ছ'টার কিছু আগে পরে।

**13. "বলা বাহুল্য, খুব কৌতুক অনুভব করলাম।" – বক্তার কৌতুক অনুভব করার কারণ –**

**A.** আলোবাবু একসময় ডুগি তবলা বাজাতে পারলেও এখন পরিস্থিতির পরিবর্তনে সোলার হ্যাট বাজাচ্ছেন।

**B.** আলোবাবুকে নিষ্ঠার সঙ্গে ঘড়িতে দম দিতে দেখে।

**C.** আলোবাবু রোজ একটা নির্দিষ্ট সময়েই ঘড়িতে দম দেন – এটা শুনে।

**D.** ঘড়ি চুরি যাবার পর আলোবাবুর দশা দেখে।

**14. মন্তব্য: আলোবাবু শেষপর্যন্ত পাগলা গারদে ঠাঁই পেয়েছেন।**

**কারণ (ক):** তিনি মানসিক ভারসাম্যহীন একজন ব্যক্তি ছিলেন।

**কারণ (খ):** এই জটিল সমাজ আলোবাবুর মতো মানুষদের সঠিক মূল্যায়ণ করতে পারে না, তাই তারা উপেক্ষিত হতে হতে সমাজবহির্ভূত হয়ে পড়ে।

মন্তব্যের প্রেক্ষিতে কারণ দু'টি ঠিক না ভুল তা লেখো।

**A.** কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।

**B.** কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল।

**C.** কারণ (ক) ভুল, কিন্তু (খ) ঠিক।

**D.** কারণ (ক) ও (খ) উভয়ই ভুল।

**15. প্রবেশনার ড্রেসারের চাকরিতে ঢুকে আলোবাবুর বেতন কতো ছিলো?**

**A.** দশ টাকা।

**B.** একশো টাকা।

**C.** তিনশো টাকা।

**D.** একশো দশ টাকা।